দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

মডেল টেস্ট- ০১

## ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা — বিষয় কোড : ১ ১ ২

(বহুনির্বাচনি অভিক্ষা অংশ)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. অবতার শব্দটি কোন ধরনের শব্দ?**
K বাংলা L সংস্কৃত M অর্ধতৎসম N বিদেশি

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
অষ্টাঙ্গাসাধনে মন শুদ্ধ ও শান্ত হয়। অষ্টাঙ্গাযোগের স্তরগুলোকে দুইভাগে ভাগ করা যায়। যোগসাধনায় যোগী মুক্তিলাভ করে।

**২. অষ্টাঙ্গাযোগের আটটি ধাপের নির্দেশ দিয়েছেন—**
K মহর্ষি যাজ্ঞবল্ক্য L মহর্ষি পতঞ্জলি
M স্বামী সচ্চিদানন্দ N মহপ্রাজ্ঞ ভীষ্ম

**৩. অন্তরঙ্গ সাধনের স্তরগুলো হলো—**
i. যম, নিয়ম, আসন ii. প্রাণায়াম এবং প্রত্যাহার iii. ধারণা, ধ্যান ও সমাধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L iii M ii ও iii N i, ii ও iii

**৪. ভক্তিমার্গের প্রধান ভাব কোনটি?**
K সকল অপবিত্রতাকে দূর করা L শ্রীভগবানে আত্মসমর্পণ
M ফলের আশা না করা N ঈশ্বরের শরণাপন্ন হওয়া

**৫. শ্রীচৈতন্যের ভাবনা অনুযায়ী ভগবান লাভ করতে হলে আমরা অনুশীলন করবো—**
K জ্ঞানচর্চার L প্রেমপূর্ণ ভক্তির M নিষ্কাম কর্মের N জীবসেবার

**৬. ব্রহ্মচারী হয়েও লোকনাথ নিম্নভূমিতে সাধারণ মানুষের কাছে নেমে এসেছিলেন—**
K লোকগুরু হওয়ার জন্য L অমঙ্গলতা দূর করার জন্য
M মানুষে মানুষে ঐক্য প্রতিষ্ঠার জন্য N লোকশিক্ষার জন্য

**৭. কোন ধরনের পূজা উদ্‌যাপনের মধ্য দিয়ে উৎসবের আমেজ সৃষ্টি হয়?**
K সর্বজনীন পূজা L পারিবারিক পূজা
M লৌকিক পূজা N কোনোটিই নয়

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
দুর্গাপূজার নবপত্রিকা পূজা করা হয়। একটা কলাগাছের সঙ্গে অন্য গাছের চারা বেঁধে তাকে শাড়ি পরিয়ে, কলাবৌ সাজিয়ে তার পূজা করা হয়।

**৮. নবপত্রিকার মধ্যে দেবী দুর্গা কয়টি ভিন্ন নামে অধিষ্ঠিত?**
K ৭টি L ৯টি M ৬টি N ১০টি

**৯. নবপত্রিকা পূজায় আমরা কোন ধরনের বৃক্ষের পূজা করি?**
K ফলজ বৃক্ষের L বনজ বৃক্ষের
M সৌন্দর্য বর্ধনকারী বৃক্ষের N জীবনদায়ী বৃক্ষের

**১০. তরণী সেনের বুকে রাম কোন বাণ নিক্ষেপ করেছিল?**
K ব্রহ্মাস্ত্র L বৈষ্ণব অস্ত্র M সূর্যাস্ত্র N সর্ববাণ

**১১. অরোভিল নগরের ভিত্তিমূলে কতটি দেশের মাটি জড়ো করা হয়?**
K ১২৫টি L ১৩০টি M ১২৭টি N ১২৬টি

**১২. ইন্দ্রিয় ও মনকে জয় করতে পারলে বাইরের পোশাক পরিচ্ছদে কিছু যায় আসে না-কথাটি কে বলেছিলেন?**
K স্বামী বিবেকানন্দ L ঋষি অরবিন্দ
M শ্রী বিজয়কৃষ্ণ গোস্বামী N স্বামী প্রণবানন্দ

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
তনিমা ছোটোবেলা থেকেই সত্য কথা বলতে এবং মিথ্যার আশ্রয় না নিতে শিখেছে। এই শিক্ষা সে পরিবার থেকে পেয়েছে। কারণ পরিবারের বড়োদেরকে ছোটোরা অনুসরণ ও অনুকরণ করে।

**১৩. ধর্মপথ অনুশীলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে—**
K বন্ধু-বান্ধব L সমাজ M পরিবার N বিদ্যালয়

**১৪. তনিমার অনুসৃত কর্মের মাধ্যমে সে চলেছে—**
K ধর্মপথে L অধর্মের পথে
M সংযমের পথে N আত্মোপলব্ধির পথে

**১৫. হিতসঞ্চারিণী সভার মূল উদ্দেশ্য কী?**
K সত্যের উপলব্ধিকে কার্যে পরিণত করা
L অপরের কল্যাণ সাধন করা
M সহপাঠীদের সাথে সদ্ব্যবহার করা N ক্ষমতার দম্ভ না করা

**১৬. কোন তিনটি অসামঞ্জস্যতার কারণে শরীর অসুস্থ হয়?**
K বাত, গ্যাস্ট্রিক ও জ্বর L রক্তস্বল্পতা, পথ্যাপথ্য, কফ
M বাত, পিত্ত ও কফ N খাদ্যাভ্যাস, রক্তস্বল্পতা ও গ্যাস্ট্রিক

**১৭. শ্রীকৃষ্ণের লীলাক্ষেত্র কোনটি?**
K নবদ্বীপ L মথুরা M বৃন্দাবন N শ্রীক্ষেত্র

**১৮. শ্রীমা পারতেন—**
i. সুন্দর ছবি আঁকতে ii. ভালো অর্গ্যান বাজাতে
iii. সুন্দর অভিনয় করতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. শ্রীরামকৃষ্ণ নারীর মধ্যে কাকে দর্শন করতেন?**
K জগন্মাতাকে L নিজের স্ত্রীকে M দেবী দুর্গাকে N মা কালীকে

**২০. ধ্যান সাধনার মাধ্যমে ঈশ্বরের উপাসনাকে কোন ধরনের উপাসনা বলা হয়?**
K নিরাকার উপাসনা L সাকার উপাসনা
M ব্রহ্মনিষ্ঠ উপাসনা N প্রতীক উপাসনা

**২১. সন্ন্যাস জীবনের মূল প্রতিপাদ্য বিষয় হলো—**
K কর্মশক্তি ও ভোগশক্তি ত্যাগ L সন্ন্যাসী দেবতা হয়ে যায়
M কর্মফলাশক্তি ও ভোগশক্তি ত্যাগ
N কর্তব্যকর্ম ত্যাগ করে ঈশ্বরচিন্তায় মগ্ন থাকা

**২২. অবতার, দেবদেবী একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ, ঈশ্বর এক ও অদ্বিতীয়-এ বিশ্বাসকে বলা হয়—**
K অবতারবাদ L একাত্মবাদ M ভক্তিবাদ N একেশ্বরবাদ

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
তিনি জীবের জন্ম-মৃত্যুর কারণ এবং আমাদের চিন্তাচেতনা ও সকল প্রচেষ্টার নিয়ন্তা।

**২৩. উদ্দীপকে তিনি বলতে কাকে বুঝানো হয়েছে?**
K জীবাত্মাকে L প্রকৃতিকে M জীবদেহকে N ঈশ্বরকে

**২৪. জীবাত্মা জীবদেহ পরিত্যাগ করলে জীবের—**
i. দেহের বিনাশ ঘটে ii. মৃত্যু ঘটে
iii. আত্মা নিষ্ক্রিয় জড় পদার্থে পরিণত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. কাল ও মৃত্যুর দেবীরূপে আত্মপ্রকাশ করার কারণে তাকে বলা হয়—**
K ভদ্রকালী L দক্ষিণকালী M শ্মশানকালী N মহাকালী

**২৬. ঈশোপনিষদকে বলা হয়—**
K ব্রাহ্মোপনিষদ L শ্বেতাশ্বতর উপনিষদ
M সংহিতোপনিষদ N ছান্দগ্য উপনিষদ

**২৭. রাজ সিংহাসনে বসে বড়ো ভাইয়ের প্রতি ভালোবাসার বশবর্তী হয়ে বনবাসীর মতো জীবনযাপন করেছেন—**
K ভরত L লক্ষ্মণ M অর্জুন N শত্রুঘ্ন

**২৮. চিতার অগ্নি প্রদান করার পূর্বে শবদেহ কতবার প্রদক্ষিণ করতে হয়?**
K তিন অথবা সাত L তিন অথবা আট
M পাঁচ অথবা সাত N তিন অথবা এক

**২৯. মহাভারত পাঠ করলে আমরা—**
i. ধর্মাচরণে উদ্‌বুদ্ধ হই ii. মানবিকতা ও নৈতিক শিক্ষা লাভ করি
iii. জনসেবায় নিয়োজিত হওয়ার প্রেরণা পাই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. মহত্ত্বের উৎস কোনটি?**
K উদারতা L মানবতা M সংসংঘ N দেশপ্রেম

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : ১ ১ ২**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা। আশ্বিন মাসের শুক্লাপক্ষের ষষ্ঠী তিথিতে প্রতিমা স্থাপন করে শারদীয় দুর্গোৎসব শুরু হয় এবং পাঁচদিনব্যাপী চলতে থাকে। পঞ্চম দিনে দশমী পূজার মাধ্যমে শারদীয় দুর্গোৎসবের সমাপ্তি ঘটে।

ক. বৈদিক যুগের পূজাপদ্ধতি কেমন ছিল? ১
খ. ব্রাহ্মণ ও পুরোহিতের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ২
গ. তিথি অনুসারে উদ্দীপকে উল্লিখিত পূজার সময়কাল ব্যাখ্যা করো। ৩
ঘ. ধর্মীয় দৃষ্টিকোণ থেকে দুর্গাপূজার সামগ্রিক গুরুত্ব ও প্রভাব বিশ্লেষণ করো। ৪


২. শিক্ষাজীবনের ইতি ঘটিয়ে কর্মজীবনে প্রবেশ করবে রাহুল। আজ তার বিশ্ববিদ্যালয়ের শেষ দিন। মহামান্য রাষ্ট্রপতির উপস্থিতিতে সার্টিফিকেট প্রদান করা হবে। অনেক আড্ডা, আনন্দ হলেও তার মনটা কেন যেন খারাপ হয়ে যায় বিদায় বেলায়।

ক. সমাবর্তন কাকে বলে? ১
খ. জাতকর্ম সংস্কারটি কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে রাহুল যে অনুষ্ঠানটিতে যোগ দিয়েছে তার বর্ণনা দাও। ৩
ঘ. ছাত্রজীবন শেষ করে কর্মজীবনে প্রবেশের পূর্বে উক্ত অনুষ্ঠানটি বিশেষ তাৎপর্যপূর্ণ- উক্তিটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৩. অশোক বাবু ধার্মিক মানুষ। যেখানে ধর্মানুষ্ঠান হয়, সেখানেই তিনি অংশগ্রহণ করতে সচেষ্ট থাকেন। তিনি জানতে পারেন, নিষ্কাম কর্মের মাধ্যমেই মোক্ষলাভ সম্ভব। তাই তিনি নিষ্কাম কর্মের পথ বেছে নেন।

ক. ভগবান শ্রীকৃষ্ণ-কোন যুগে এসেছিলেন? ১
খ. সকাম কর্ম বলতে কী বোঝায়? ২
গ. অশোক বাবু কেন নিষ্কাম কর্মের পথ বেছে নেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. "নিষ্কাম কর্মের মাধ্যমেই মোক্ষলাভ সম্ভব"– বিশ্লেষণ করো। ৪

৪.




ক. ধ্যান এর অর্থ কী? ১
খ. সাধ্যায় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে অষ্টাঙ্গযোগের কোন ধাপটি ফুটে উঠেছে? উক্ত ধাপটি বিস্তারিত আলোচনা করো। ৩
ঘ. জাগতিক ও পারমার্থিক শক্তিলাভে অষ্টাঙ্গযোগের গুরুত্ব তুলে ধরো। ৪

৫. সুমিত্রা দেবী প্রতিদিন ভোরে ঘুম থেকে উঠে স্নান সেরে পবিত্র গীতা পাঠ করেন। গতকাল সকালে তিনি সুর করে গীতার শ্লোক পাঠ করেছিলেন এবং এর অর্থ বলেছিলেন। যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম। ধর্মসংস্থাপনার্থায় সম্ভাবামি যুগে যুগে॥

ক. নটরাজ বলা হয় কোন দেবতাকে? ১
খ. ঈশ্বর সাকার না নিরাকার বুঝিয়ে লেখো। ২
গ. দুষ্টের দমনে স্রষ্টার ভূমিকা সুমিত্রা দেবীর পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "স্রষ্টা ও সৃষ্টির সম্পর্ক এবং সৃষ্টির মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠায় স্রষ্টার ভূমিকা উক্ত শ্লোকের মধ্যেই নিহিত রয়েছে"-বিশ্লেষণ করো। ৪

৬. অলোক বাবু তার পিতার মৃত্যুতে শোকাগ্রস্ত। তিনি আত্মীয়স্বজন ও তার প্রতিবেশীদের নিয়ে পিতার সৎকার সম্পন্ন করলেন। সৎকারের পর যথাযথভাবে অশৌচ পালন করলেন। কিন্তু তিনি সাড়ম্বরে শ্রদ্ধানুষ্ঠান করতে পারলেন না। কারণ তার অর্থাভাব রয়েছে। তারপরেও তিনি ব্রাহ্মণকে সাধ্যমতো দান করার চেষ্টা করেন।

ক. শ্রাদ্ধ মানে কী? ১
খ. বৃদ্ধিশ্রাদ্ধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. অলোক বাবুর অনুসারিত সৎকার তোমার সমাজে কীভাবে পালিত হয় বর্ণনা করো। ৩
ঘ. "শ্রাদ্ধানুষ্ঠানে দানের আধিক্য শুভ বিষয় নয়"-তোমার সমাজের প্রেক্ষাপটে মতামত ব্যাখ্যা করো। ৪

৭. সত্যেন্দ্রনাথ গোস্বামী একজন মহাসাধক। তিনি মাতৃশক্তির সাধনা করেন। তিনি মাতৃসাধনাতেই ঈশ্বরকে দর্শন করেছেন। তিনি বলেন, ভক্তের কোনো জাতি নেই। ভক্তি হলেই দেহ, মন, আত্মা সব শুদ্ধ হয়। ভক্তির দ্বারা জাতিভেদ উঠে যেতে পারে। ভক্তি না থাকলে ব্রাহ্মণ ব্রাহ্মণ নয়। ভক্তি থাকলে চন্ডাল চণ্ডাল নয়। ভক্তি হলে চণ্ডালের অন্নও খাওয়া যায়।

ক. প্রভু নিত্যানন্দের প্রকৃত নাম কী ছিল? ১
খ. শ্রীবিজয়কৃষ্ণ ব্রাহ্মণধর্ম গ্রহণ করেছিলেন কেন? ২
গ. সত্যেন্দ্রনাথ গোস্বামীর সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন মহাসাধকের মিল রয়েছে? ৩
ঘ. সত্যেন্দ্রনাথ গোস্বামীর বক্তব্যটি বর্তমান বিশ্বের প্রেক্ষাপটে মূল্যায়ন করো। ৪

৮. মল্লিকা প্রতিদিন ভোরে ঘুম থেকে ওঠে। স্নান করে পূজার্চনা করে এবং প্রণাম মন্ত্র পাঠ করে দেবতার উদ্দেশ্যে প্রণাম জানায়। পূজার্চনা শেষে বাবা-মাকে প্রণাম করে দিনের কাজ শুরু করে। গুরুজনদের প্রতিও সে শ্রদ্ধাশীল। সে কখনো কারও সাথে অসদাচরণ করে না এবং ছোটো ভাই-বোনদেরকেও অত্যন্ত আদরযত্ন করে। তাই সে পরিবার ও প্রতিবেশীসহ সকলের কাছেই প্রিয়। মানুষের প্রতি মল্লিকার এ আচরণ সমাজের মানুষের মূল্যবোধকে প্রভাবিত করেছে।


ক. 'বঙ্গীয় শব্দকোষ' এর লেখক কে? ১
খ. সততাকে উৎকৃষ্ট পন্থা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত মল্লিকার চরিত্রে কোন শিক্ষার প্রতিফলন প্রতিভাত হয়েছে? তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "মল্লিকা দেবীর দৃষ্টান্তই স্মরণ করিয়ে দেয় যে, সমাজে শিষ্টাচারের গুরুত্ব অপরিসীম"– কথাটি মূল্যায়ন করো। ৪

৯. (i) আছ অনল-অনিল চির নভোনীলে
ভূধর সলিল গহনে,
আছ বিটপী লতায় জলদের গায়
শশী তারকায় তপনে।

(ii) অহমাত্মা গুড়াকেশ সর্বভূতাশয় স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ।

ক. জীবাত্মা কার অংশবিশেষ? ১
খ. এ আত্মা জন্মেন না, মরেন না' বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. (i) নং উদ্দীপকের আলোকে স্রষ্টার অবস্থান সম্পর্কিত তোমার মতামত ব্যক্ত করো। ৩
ঘ. (ii) নং উদ্দীপকের শ্লোকের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

১০.




ক. 'কৃষ্ণ ভগবান স্বয়ম'-ইহা কোন গ্রন্থে বলা হয়েছে? ১
খ. 'সমাধি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন আশ্রম হবে? উক্ত আশ্রম সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. "সন্ন্যাসের মূল প্রতিপাদ্য হচ্ছে কর্মফলাসক্তি ও ভোগাশক্তি ত্যাগ"-এ উক্তির আলোকে প্রাচীন ও বর্তমান সন্ন্যাস আশ্রমের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

১১. অশোক শর্মা হিন্দু ধর্ম বিষয়ের শিক্ষক। দশম শ্রেণিতে তিনি একদিন আদর্শ জীবনচরিত এর উপর পাঠদান করছেন। সেদিন তিনি এমন একজনের কর্মকাণ্ড তুলে ধরেন, যিনি ইউরোপীয় বেশভূষা ত্যাগ করে একজন জ্ঞান-তপস্বিনীর বেশ ধারণ করেন এবং একটি আশ্রমের দায়িত্ব গ্রহণ করেন। তাঁর অক্লান্ত প্রচেষ্টায় আশ্রমটি একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠানরূপে গড়ে ওঠে। এমনকি তার সৌন্দর্যবোধ ও অভাবনীয় পরিকল্পনায় একটি নগরও গড়ে উঠে।

ক. স্বামী বিবেকানন্দের প্রকৃত নাম কী? ১
খ. ধন্বন্তরী কাশীরাজ্যের পুত্ররূপে জন্মগ্রহণ করেছিলেন কেন? ২
গ. উদ্দীপকে অশোক বাবু যে জ্ঞান-তপস্বিনীর কর্মকাণ্ড তুলে ধরেন, তাঁর সাধন জীবন তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. একটি আদর্শ নগর প্রতিষ্ঠায় উক্ত মহামানবীর অবদান মূল্যায়ন করো। ৪

## মডেল টেস্ট- ০২

# গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা — বিষয় কোড : | ১ | ১ | ২ |

সময় : ৩০ মিনিট — (বহুনির্বাচনি অভিক্ষা অংশ) — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. নিচের কোন দেবী শাশ্বত ক্ষমতা ও শক্তির আধার?**
K দুর্গা L কালী M লক্ষ্মী N শীতলা

**২. নিচের কোনটি সাকার উপাসনার অপর নাম?**
K জ্ঞানযোগ L কর্মযোগ M ভক্তিযোগ N সাধনযোগ

**৩. অরূপ বাবুর নিকট ঈশ্বর পরমাত্মা। অরূপ বাবু একজন–**
K জ্ঞানী L যোগী M ভক্ত N ঋষি

**৪. নিচের কোন দেবতাকে স্মরণ করলে পাপ দূরীভূত হয়, হৃদয় পবিত্র হয় ও মনে শান্তি আসে?**
K ব্রহ্মা L বিষ্ণু M মহেশ্বর N গনেশ

**৫. পরমাত্মার মৃত্যু নেই, কারণ পরমাত্মা–**
i. নিরাকার ii. মৃত্যুহীন iii. জন্ম ও মৃত্যুহীন
**নিচের কোনটি সঠিক?**
K i L iii M i ও ii N i ও iii

**৬. নিচের কোনটি মনের কামনা, বাসনা, তৃষ্ণা, অহমিকা, আমিত্ব, হিংসা-বিদ্বেষ দূর করে?**
K ধর্মগ্রন্থ L ভক্তিমূলক গান M উপাসনা N স্তব-স্তুতি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
শ্রীমদ্ভগবদ্‌গীতায় ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, "হে অর্জুন! আমি সকল প্রাণীর হৃদয়াস্থিত আত্মা, আমি ভুতসকলের আদি, মধ্য ও অন্ত'।

**৭. শ্রীমদ্‌ভগবদ্‌গীতায় কোন অধ্যায় থেকে শ্রীকৃষ্ণের এই বাণী সংকলিত করা হয়েছে?**
K অষ্টম L নবম M দশম N একাদশ

**৮. এখানে বোঝানো হয়েছে–**
i. আদি বলতে জীব-জগতের উৎপত্তি
ii. মধ্য বলতে তাদের স্থিতি iii. অন্ত বলতে তাদের মৃত্যু
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. পাখিসহ অন্যান্য জীবজন্তুর আহার প্রদানসহ নানা প্রকার পরিচর্যা করাকে কী বলে?**
K দৈবযজ্ঞ L ভূতযজ্ঞ M ঋষিযজ্ঞ N নৃযজ্ঞ

**১০. সুরেশ বাবু নিয়মিত গতিরোধ করে শ্বাস ভিতরে ধরে রাখার মাধ্যমে শ্বাস-প্রশ্বাসের স্বাভাবিক গতিকে নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করেন। তাঁর এ চেষ্টার নাম কী?**
K রেচক L পূরক M কুম্ভক N অপরিগ্রহ

**১১. যজমান কে?**
K পূজা-অর্চনা কার্যাদি সম্পাদনকারী
L যার নামে সংকল্প করে পূজা করা হয়
M ব্রাহ্মণ সম্প্রদায়ের লোক N আদর্শ ব্যক্তিত্বের অধিকারী

**১২. নিচের কোনটি ধ্যানের ভিত্তি?**
K ধারণা L ধ্যান M সমাধি N নিয়ম

**১৩. ধর্মীয় বিষয়ে গভীর চেতনার সৃষ্টি করে নিচের কোনটি?**
K প্রার্থনা মন্ত্র L বেদপাঠ M উপাসনা N যোগ সাধনা

**১৪. দেবতা তিনি, যিনি–**
i. প্রকাশ পান ii. ভাস্বর iii. যিনি দান করেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সদ্য বিবাহিত অতনু শাশুড়ির নিমন্ত্রণে জ্যৈষ্ঠ মাসের এক বিশেষ তিথিতে শ্বশুরালয়ে যায়। ওই দিন তার শ্বশুর বাড়িতে পূজা ও খাওয়া-দাওয়ার আয়োজনের মাধ্যমে একটি সামাজিক অনুষ্ঠান পালন করা হয়।

**১৫. নিচের কোনটি উদ্দীপকের সামাজিক অনুষ্ঠান?**
K গৃহপ্রবেশ L সাকরাইন M জামাইষষ্ঠী N রাখীবন্ধন

**১৬. উক্ত দিনে–**
i. ষষ্ঠীদেবীর পূজা করা হয়
ii. জামাইকে নতুন কাপড়-জামা দেওয়া হয়
iii. জামাইয়ের হাতে রাখী নামক পবিত্র সুতো বেঁধে দেওয়া হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L iii M i ও ii N i ও iii

**১৭. দেবী দুর্গার বাম দিকের পাঁচ হাতের এক হাতে থাকে পূর্ণচাপ নামক অস্ত্র। নিচের কোনটি পূর্ণচাপ অস্ত্রকে নির্দেশ করে?**
K বাণ L ঢাল M ধনুক N খড়গ

**১৮. মানুষকে কেন নরক যন্ত্রণা ভোগের পর মানবেতর প্রাণীরূপে জন্মগ্রহণ করতে হয়?**
K পাপ নিঃশেষ হয় না বলে
L পুণ্য সঞ্চয় করার জন্য
M পৃথিবীর মায়া কাটাতে না পারার জন্য
N পাপ ও পুণ্যের পার্থক্য উপলব্ধি করাতে

**১৯. সাধক নিমাই বাবু শরীরের শুদ্ধির সাথে সাথে মনের শুদ্ধি, আত্মার শুদ্ধি ও বুদ্ধির শুদ্ধির জন্য সদা সচেস্ট থাকেন। তিনি নিচের কোনটির দ্বারা মনের শুদ্ধির চেস্টা করেন?**
K জ্ঞান L বিদ্যা M সত্যাচরণ N সংযম

**২০. জনমেজয় কোন রাজার পুত্র ছিলেন?**
K হিরণ্যকশিপু L হিরণ্যধনু M কার্তবীর্যার্জুন N পরীক্ষিত

**২১. সুশ্রুতসংহিতা এবং চরকসংহিতা উভয় গ্রন্থই অনূদিত হয়...**
i. ৭৫০ খ্রিস্টাব্দে ii. খলিফা আব্বাসীর সময়
iii. সংস্কৃত ভাষায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
অমলের দাদু তাকে এমন একজন মহাসাধকের গল্প শোনাচ্ছিলেন, যিনি সকলকে কৃষ্ণভক্তরূপে ভালোবেসেছেন। প্রেমভক্তি আর কৃষ্ণনাম প্রচারের মাধ্যমে তিনি অনেক পাপী- তাপীকে উদ্ধার করেন।

**২২. উদ্দীপকে কোন মহাসাধকের কথা বলা হয়েছে?**
K শ্রীশঙ্করাচার্য L প্রভু নিত্যানন্দ
M বিজয়কৃষ্ণ N হরিচাঁদঠাকুর

**২৩. তিনি কৃষ্ণমন্ত্রে দীক্ষা নেন...**
i. শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর কাছে ii. বৃন্দাবনে iii. নবদ্বীপে
**নিচের কোনটি সঠিক?**
K i L iii M i ও ii N i ও iii

**২৪. "সর্বজীবে দয়া করবে"– এটি কার বাণী?**
K শ্রীরামকৃষ্ণ L শ্রীবিজয়কৃষ্ণ
M শ্রীশঙ্করাচার্য N স্বামী বিবেকানন্দ

**২৫. চরক সংহিতা কয়টি ভাগে বিভক্ত?**
K পাঁচ L ছয় M সাত N আট

**২৬. আমেরিকার সংবাদপত্রসমূহে কাকে 'সাইক্লোনিক হিন্দু' নামে অভিহিত করা হয়?**
K শ্রী অরবিন্দ L শঙ্করাচার্য
M স্বামী বিবেকানন্দ N শ্রীরামকৃষ্ণ

**২৭. শ্রীমা কোন দেশে জন্মগ্রহণ করেন?**
K আয়ারল্যান্ডে L আলজেরিয়ায়
M ফ্রান্সে N গান্ধর্ব

**২৮. মীরাবাঈ কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?**
K ৭৮৮ L ১৪৩৭ M ১৪৭৩ N ১৪৯৮

**২৯. শঙ্করাচার্য যখন জন্মগ্রহণ করেন তখন ভারতবর্ষের...**
i. রাজনৈতিক ও ধর্মীয় জীবন বিপর্যস্ত ছিল
ii. সমাজে যাগযজ্ঞের প্রাধান্য বেড়ে গিয়েছিল
iii. সমাজে ধনী-দরিদ্রের ভেদাভেদ ছিল না
**নিচের কোনটি সঠিক?**
K i L iii M i ও ii N i, ii ও iii

**৩০. শৃঙ্গেরী মঠ পরিচালনা করেন কে?**
K সুরেশ্বর L পদ্মপাদ M তোটকাচার্য N হস্তামলকাচার্য

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : ১ ১ ২**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. অনিরুদ্ধ বাবু জাগতিক সকল কর্ম পরিত্যাগ করে কেবল ঈশ্বর চিন্তায় মগ্ন থাকেন। মধ্যাহ্নের খাবার সামগ্রী লোকালয় থেকে সংগ্রহ করেন। তিনি একাকী বিভিন্ন দেবালয়ে অবস্থান করেন। অন্যদিকে বিজয় বাবু মাতা-পিতা, স্ত্রী-সন্তানের ভরণ পোষণ করেন। তিনি একটি অনাথ আশ্রম স্থাপন করে তার পরিচালনা করেন। তিনি গরিব ও অসহায়দের সাহায্য-সহযোগিতা করেন।

ক. একেশ্বরবাদ কাকে বলে? ১

খ. গুণাবতারের ধারণা দাও। ২

গ. অনিরুদ্ধ বাবু চতুরাশ্রমের কোন স্তরে অবস্থান করছেন? পাঠ্যপুস্তকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. বিজয় বাবু আশ্রমের যে পর্যায়ে অবস্থান করছেন তা পালনের মাধ্যমে মানবজীবনকে কী সার্থক ও কল্যাণময় করা সম্ভব? সপক্ষে যুক্তি দাও। ৪

২. নিলীমার ঠাকুরদাদা মারা গেছে। তাই সে ভীষণভাবে মর্মাহত। তার ঠাকুর মা তাকে একটি ধর্মগ্রন্থের উক্তির কিছু অংশ ব্যাখ্যা করে বলেন, "মানুষ পুরাতন কাপড় পরিত্যাগ করে যেমন নতুন কাপড় পরিধান করে, আত্মাও তেমনি পুরাতনদেহ পরিত্যাগ করে নতুন দেহে প্রবেশ করে।" এসব শুনে তার মন শান্ত হয়। অন্যদিকে পলাশ বাবু ঠাকুর পূজার জন্য বিভিন্ন ধরনের ফুলের গাছ লাগিয়েছেন। তিনি নিয়মিত সে ফুল গাছগুলোকে পরিচর্যা করেন। তিনি প্রতিদিন মন্দিরে গিয়ে সেই গাছের ফুল দেবতার চরণে অর্পণ করেন।

ক. ঋষিযজ্ঞ কাকে বলা হয়? ১

খ. "ধর্মমূলো হি ভগবান, সর্ববেদময়ো হরিঃ।" –উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নিলীমার ঠাকুর মা কোন গ্রন্থের উক্তিটি উল্লেখ করেছেন? পাঠের আলোকে তার ব্যাখ্যা করো। ৩

ঘ. পলাশ বাবুর কাজের মধ্য দিয়ে কী ঈশ্বরকে সেবা করা সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. নিরুপমা রানি বলেন, "কর্মই জীবন। এ বিশ্বজগৎ ঈশ্বরের বিরাট কর্মক্ষেত্র। এই কর্মক্ষেত্রে সর্বদা ঈশ্বরেরই কর্ম হচ্ছে। আমি ঈশ্বরের নিয়োজিত ব্যক্তি হিসেবে কর্ম করছি।" তাঁর স্বামী স্বপন বাবুর মধ্যে কোনো হিংসা নেই। তিনি দয়ালু ও ক্ষমাশীল। তিনি গুরুজনদের ভক্তি করেন ও সেবা করেন। তিনি বলেন, তাঁর নিজের মধ্যে এবং বিশ্বের সকল প্রাণীর মধ্যে একই চেতনা অবস্থান করছে।

ক. ভক্তি কাকে বলে? ১

খ. "প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম।" উক্তিটির তাৎপর্য লেখো। ২

গ. নিরুপমা রানি সাধন পদ্ধতির কোনটি অনুশীলন করেন? পাঠ্যপুস্তকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. স্বপন বাবু যে সাধন পদ্ধতি অনুশীলন করেন, তার মাধ্যমে কী ভগবানের প্রিয়পাত্র হওয়া সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪. প্রদীপ বাবুর গ্রামের সর্বজনীন মন্দিরে প্রতি বছর একটি ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানটি ছাপ্পান্ন প্রহরব্যাপী হয়। অনেক দূর-দূরান্ত থেকে ভক্তগণ এ অনুষ্ঠানে যোগ দেয়। উক্ত অনুষ্ঠানে নেচে-গেয়ে হরি নাম কীর্তন করা হয়। তার বন্ধু সুবীর বাবু নারায়ণগঞ্জ জেলার একটি তীর্থস্থানে যান। সেখানে চৈত্র মাসের অষ্টমী তিথিতে তিনি স্নান করেন। এ উপলক্ষ্যে সেখানে বহু লোকের সমাগম হয় এবং মেলা বসে।

ক. মকর সংক্রান্তি কাকে বলে? ১

খ. ভ্রাতৃদ্বিতীয়া কেন পালন করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রদীপ বাবুর গ্রামের সর্বজনীন মন্দিরে কোন ধর্মানুষ্ঠানটি সংঘটিত হয়? পাঠের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সুবীর বাবু যে তীর্থস্থানে যান তার মাধ্যমে কী পরকালে সদ্গতি সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. চন্দন বাবু ও পুষ্প রানির বিয়ের অনুষ্ঠান চলছিল। এ বিয়ের এক পর্বে দুজনের কাপড়ের কোণা একত্র করে গিট দিয়ে বেঁধে দেওয়া হয়। এরপর বর ও কনে এবং দেব পুরোহিত অগ্নিকে কয়েকবার প্রদক্ষিণ করে প্রণাম করে। অপরদিকে উপযুক্ত পণের অভাবে অপরাজিতার বিয়ে হচ্ছিল না। এসব দেখে তীর্থ বাবু বিনা পণে অপরাজিতাকে বিয়ে করেন। তীর্থ বাবু বলেন, "এ পণ প্রথা নির্মূলের জন্য আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন ও সামাজিক প্রতিরোধ প্রয়োজন।"

ক. সমাবর্তন কী? ১

খ. বৃদ্ধিশ্রাদ্ধ কাকে বলে? ২

গ. উদ্দীপকে চন্দন বাবু ও পুষ্প রানির বিয়ের কোন পর্ব চলছিল? পাঠ্যের আলোকে তার ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শেষের লাইনে তীর্থ বাবুর উক্তিটি তুমি কী সমর্থন করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. কালীগঞ্জ কেন্দ্রীয় মন্দিরে প্রতি বছরের তৃতীয় ঋতুতে এক বিশেষ শক্তির দেবীর পূজা অনুষ্ঠিত হয়। এ পূজা সর্ববৃহৎ উৎসব হিসেবে পরিচিত। উক্ত দেবীকে মহামায়া নামেও ডাকা হয়। উক্ত পূজার মাধ্যমে মহাবিশ্বের সকল দুঃখ, কষ্টের বিনাশ ঘটে। অপরদিকে কাকলিদের বাড়িতে প্রতি বছরের সপ্তম মাসের শেষ দিনে এক দেবতার পূজা অনুষ্ঠিত হয়।


ক. পুরোহিত কাকে বলে? ১

খ. দেবী কালীকে চামুন্ডা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. কালীগঞ্জ কেন্দ্রীয় মন্দিরে কোন দেবীর পূজা অনুষ্ঠিত হয়? উক্ত পূজার দ্বিতীয় দিনের পূজা পদ্ধতি সম্পর্কে লেখো। ৩

ঘ. কাকলিদের বাড়িতে যে পূজা অনুষ্ঠিত হয়, সে পূজার গুরুত্ব ও প্রভাব বিশ্লেষণ করো। ৪

৭.



চিত্র : ১ চিত্র : ২

ক. সত্য কাকে বলে? ১

খ. প্রাণায়াম অনুশীলন প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের ১নং আসনটি তুমি কীভাবে অনুশীলন করবে? পাঠের আলোকে তা বুঝিয়ে লেখো। ৩

ঘ. চিত্রের-২ নং আসনটির অনুশীলনের উপকারিতার একটি তালিকা তৈরি করো। ৪

৮. অরূপ বাবু এমন একটি ধর্মগ্রন্থ অধ্যয়ন করেছেন, যে গ্রন্থের অপর নাম বেদান্ত। এটিকে রহস্য বিদ্যাও বলা হয়। সেই গ্রন্থে মানুষের বাঁচা-মরার কারণ নিয়ে আলোচনা করা হয়েছে। উক্ত গ্রন্থের মাধ্যমে তিনি উপলব্ধি করেছেন— "বিশ্ব ব্রহ্মাণ্ডের যা কিছু আছে সবই এক।" তার স্ত্রী সবিতা রানি এমন একটি ধর্মগ্রন্থ পাঠ করেন, যে গ্রন্থটির কাহিনি মহামতি ব্যাসদেব বর্ণনা করেছেন। উক্ত গ্রন্থে স্বার্থের দ্বন্দ্ব, ক্ষমতার দম্ভ ও রাজনৈতিক কূটকৌশল আলোচিত হয়েছে। উক্ত গ্রন্থে প্রমাণিত হয়েছে— "যাঁরা ধার্মিক ও ন্যায়ের পথে থাকেন ভগবান তাদের রক্ষা করেন।"

ক. আদিকাব্য বলা হয় কাকে? ১

খ. হিন্দুধর্মকে বৈদিক ধর্ম বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. অরূপ বাবু কোন ধর্মগ্রন্থটি অধ্যয়ন করেন? পাঠের আলোকে উক্ত গ্রন্থের পরিচয় বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের সবিতা রানি যে গ্রন্থটি পাঠ করেন উক্ত গ্রন্থের প্রমাণিত বাক্যটির মূল্যায়ন করো। ৪

৯. বিপ্লব বাবু একজন চিকিৎসক। তিনি গরিব, দুস্থ ও অসহায় রোগীদের বিনামূল্যে অপারেশনসহ ঔষধপত্র বিতরণ করেন। ছুটির দিনগুলোতে তিনি বস্ত্রহীনের মাঝে বস্ত্র দান করেন। অপরদিকে সুভাষ বাবু পরাধীনতার শৃঙ্খল হতে মাতৃভূমিকে রক্ষার জন্য মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করে শত্রুপক্ষকে পরাস্ত করেন। কিন্তু যুদ্ধ শেষে তিনি তাঁর প্রাণ হারান।

ক. ভরতের মায়ের নাম কী? ১

খ. রাবণ বিভীষণকে লঙ্কা থেকে তাড়িয়ে দেন কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিপ্লব বাবুর মধ্যে কোন নৈতিক গুণের প্রতিফলন ঘটেছে? পাঠের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "সুভাষ বাবুর কর্মকাণ্ড যেন তরণীসেনেরই প্রতিফলন"— উক্তিটির মূল্যায়ন করো। ৪

১০. আরতি রানি দেবতাদের উদ্দেশ্যে মন্ত্র উচ্চারণ করে মাথা নত করে ভক্তি করেন। তিনি মা-বাবা ও গুরুজনদের ভক্তি-শ্রদ্ধা করেন এবং ছোটোদের স্নেহ করেন। তার প্রতিবেশী রতন বাবু একজন অটো চালক। গাড়ি নিয়ে তিনি বাড়িতে গিয়ে দেখেন তার গাড়িতে একটি ব্যাগ পড়ে রয়েছে। তিনি ব্যাগ খুলে দেখেন এর মধ্যে টাকা ভর্তি। ব্যাগের মধ্যে একটি মোবাইল নম্বর ছিল। তিনি ঐ নম্বরে মোবাইল করে সে টাকা তার যাত্রীর নিকট ফেরত দেন।

ক. নৈতিক মূল্যবোধ কাকে বলে? ১

খ. "ধর্ম ধার্মিককে রক্ষা করেন"— উক্তিটির ব্যাখ্যা করো। ২

গ. আরতি রানির আচরণে কী প্রকাশ পেয়েছে? পাঠের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "রতন বাবুর মতো এমন আদর্শ সম্পন্ন মানুষ আমাদের সমাজে প্রয়োজন।" উক্তিটির তাৎপর্য পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. প্রদীপ বাবু মা কালীর সাধক। তিনি মানুষের জাতি, কুল, মান ইত্যাদি দেখতেন নাতনি সকল নারীদেরকে মাতৃজ্ঞানে পূজা করতেন। তিনি বিভিন্ন ধর্ম পথে সাধনা করেছেন। তিনি ধর্মীয় সম্প্রীতিতে গভীর বিশ্বাসী ছিলেন। অপরদিকে সুমন বাবু মাত্র সাত বছর বয়সে বেদ, বেদান্ত, স্মৃতি ও পুরাণে পাণ্ডিত্য অর্জন করেন। এসব শুনে পণ্ডিতরা তার সাথে সাক্ষাৎ করে শাস্ত্র সম্পর্কে আলাপ আলোচনা করে মুগ্ধ হন। তারা তার কোষ্ঠী বিচার করে বলেন তার আয়ুষ্কাল খুবই কম। এসব শুনে সুমন বাকি জীবন ব্রহ্ম সাধনায় মগ্ন থাকেন।

ক. মহাযোগী গোবিন্দপাদ কে ছিলেন? ১

খ. বিজয়কৃষ্ণ ব্রাহ্মধর্ম ছেড়ে দেন কেন? ২

গ. প্রদীপ বাবুর সাধন পথ তোমার পাঠ্যপুস্তকের কার অনুরূপ? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুমন বাবুর জীবন ও কর্মকাণ্ডে যেন শ্রীশঙ্করাচার্যের প্রতিচ্ছবি প্রতিফলিত হয়েছে— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৩

# বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড : ১ ১ ২**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভিক্ষা অংশ)** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. নম্র ও বিনয়ী দেবতা হলেন–**
K কার্তিক L গণেশ M শিব N ভোলানাথ

**২. মানুষের জীবনের দ্বিতীয় ২৫ বছরকে কী বলা হয়?**
K গার্হস্থ্য আশ্রম L বানপ্রস্থ আশ্রম M ব্রহ্মচর্যাশ্রম N সন্ন্যাস

**৩. নিচের কে নিত্য, মুক্ত ও জ্যোতির্ময়?**
K ব্রহ্মা L ব্রহ্ম M বিষ্ণু N শিব

**৪. নিরাকার উপাসনার একটি অংশ হলো–**
K কর্মযোগ L জ্ঞানযোগ M ভক্তিযোগ N রাজযোগ

**৫. জলের পরে এলো–**
K আকাশ L বাতাস M পৃথিবী N সূর্য

**৬. আত্মা হলো–**
i. নিত্য
ii. নিরাকার
iii. অচল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. যোগীর কাছে ঈশ্বর হলেন–**
K আত্মা L জীবাত্মা M দেহাত্মা N পরমাত্মা

**৮. আদ্যশ্রাদ্ধ পালন করতে হয়–**
i. অশুচি ত্যাগ করে
ii. শ্রদ্ধার সাথে
iii. ত্যাগের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. সন্ধি পূজায় কয়টি মাটির প্রদীপ প্রজ্বলিত করা হয়?**
K ৯৮ L ১০৮ M ১০৭ N ১০৯

**১০. প্রতিদিন কয়টি যজ্ঞ করতে হবে?**
K ৩ L ৪ M ৫ N ৬

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ইসকন মন্দির থেকে কিছু বই সংগ্রহ করলো অমিত ধর্মীয় জ্ঞান অর্জনের জন্য। যা পাঠ করে সে ধর্ম সম্পর্কে বিশদ জ্ঞান লাভ করলো।

**১১. উপনিষদের মূল প্রতিপাদ্য বিষয় সম্পর্কে অমিত কী জানতে পারবে?**
K সাংসারিক জীবন ত্যাগ L উপবাস M ব্রহ্মবিদ্যা N মাতা-পিতার প্রতি শ্রদ্ধা

**১২. কর্ম, জ্ঞান, ত্যাগ ও ভক্তি সম্পর্কে জ্ঞান লাভ করতে হলে আমাদের অধ্যয়ন করতে হবে–**
i. শ্রীমদ্ভগবদ্গীতা
ii. উপনিষদ
iii. বেদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. দেবী দুর্গার ডান চোখটি হলো–**
K চন্দ্র L অগ্নি M সূর্য N বায়ু

**১৪. কার গঙ্গাস্নানের ইচ্ছা হয়েছিল–**
K মায়াদেবী L লক্ষ্মীদেবী M রূপাদেবী N লাভাদেবী

**১৫. আয়াম শব্দের অর্থ কী?**
K সংকীর্ণ L স্তেয় M নিঃশ্বাস N বিস্তার

**১৬. শীতলা দেবীর বাহন কোনটি?**
K ময়ূর L হাঁস M সিংহ N গর্দভ

**১৭. কতসালে রামকৃষ্ণ মিশন স্থাপিত হয়?**
K ১৮৮৭ L ১৮৯৯ M ১৮৯২ N ১৮৯৭

**১৮. ধার্মিককে রক্ষা করে কে?**
K দেবগণ L ধর্ম M মানুষ N দৈত্য

**১৯. অশৌচ কয় প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**২০. 'একং সদ্ বিপ্রা বহুদা বদন্তি'– কোন বেদে বলা হয়েছে?**
K ঋগবেদে L সামবেদে M যজুর্বেদে N অথর্ববেদে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
শিবপুর গ্রামে একবার বসন্ত রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। এমতাবস্থায় ধর্মমতি শিমলাদেবী এলাকাবাসীদের সাথে নিয়ে এক বিশেষ দেবীর পূজার মাধ্যমে ঐ রোগ থেকে সবাইকে আরোগ্য করে তোলেন।

**২১. শিমলাদেবী সবাইকে নিয়ে কোন দেবীর পূজা করেন?**
K লক্ষ্মী L দুর্গা M শীতলা N মনসা

**২২. উক্ত দেবী পূজার মাধ্যমে যে ফল পাওয়া যায় তা হলো–**
i. অন্যায় প্রতিরোধের মাধ্যমে ন্যায় প্রতিষ্ঠা
ii. সুন্দর ও বলিষ্ঠ সন্তান লাভ
iii. রোগ-শোক নিরাময়ের মাধ্যমে শীতলতা লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L iii M ii ও iii N i, ii ও iii

**২৩. 'ইষ্টি' শব্দের অর্থ কী?**
K শেষ L যজ্ঞ M আহুতি N অগ্নি

**২৪. হরিচরণ বন্দ্যোপাধ্যায় প্রণামকে কয়টি ভাগে ভাগ করেন?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৫. কতসালে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ প্রতিষ্ঠা করা হয়?**
K ১৯৬০ L ১৯৬৬ M ১৯৭০ N ১৯৭৬

**২৬. রাবণের ভাইয়ের নাম কী?**
K লক্ষণ L বিভীষণ M দশরথ N রাম

**২৭. কত বছর বয়সে বিশিষ্টাদেবী শঙ্করাচার্যের উপনয়ন দেন?**
K ৩ L ৪ M ৫ N ৭

**২৮. নিত্যানন্দের পিতার নাম কী?**
K চন্দ্রশেখর L হাড়াই পণ্ডিত M শিবগুরু N কৃষ্ণরাজ

**২৯. কোথায় মীরাবাঈ দেহলীলা সংবরণ করেন?**
K কুড়কি গ্রামে L হুগলি M কামারপুর N দ্বারকাধামে

**৩০. ধন্বন্তরী কার পুত্ররূপে জন্মগ্রহণ করেন?**
K নন্দরাজ L সুশ্রুত M বাসুদেব N কাশীরাজ

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** — **বিষয় কোড :** | ১ | ১ | ২ |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** — **সৃজনশীল প্রশ্ন** — **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. তপন সাধু বিভিন্নভাবে ঈশ্বরের কৃপা লাভের চেষ্টায় রত হয়েছেন। সে বিশ্বাস করে স্রষ্টা সামান্য দেহধারী হয়ে ভক্তের বোঝা বহন করে। অন্যদিকে, হাসিরানি ঈশ্বরের অনুকম্পা লাভের জন্য কখনো প্রতীক বা চিহ্নের উপাসনা করে আবার প্রতীক বা চিহ্নহীনভাবেও ঈশ্বরের অনুগ্রহ লাভের প্রয়াশ করে।

ক. ঈশ্বর কাকে বলে? ১

খ. সৃষ্টিকর্তা তাঁর সৃষ্টিকে শৃঙ্খলাবদ্ধ করার জন্য যে ভূমিকা পালন করেন তা বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের তপন সাধু স্রষ্টার কোন রূপের কৃপা লাভের চেষ্টা করেন? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের হাসিরানি ঈশ্বরের অনুগ্রহ লাভের জন্য যে প্রয়াশ করেন তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. শিবু শিক্ষাজীবন শেষে চাকুরি পাওয়ার পর মা-বাবা সুন্দরী একটি মেয়ের সাথে বিবাহ দিয়েছেন। এখন সে স্ত্রী, সন্তান, মা-বাবা, পাড়া-প্রতিবেশী, আত্মীয়স্বজন সকলের প্রতি দায়িত্ব পালন করে। অপরদিকে, বিনয়রাম ঈশ্বর সাধনার অঙ্গ হিসেবে বহিরঙ্গ ও অন্তরঙ্গ সাধন প্রক্রিয়া অনুশীলন করে। তার বিশ্বাস এ প্রক্রিয়া অনুশীলন করলেই সে মুক্তিলাভ করবে।

ক. নিষ্কাম কর্ম কাকে বলে? ১

খ. মানুষ কোন আশ্রমে বৈরাগ্যময় জীবনযাপন করে? বর্ণনা করো। ২

গ. শিবু জীবনের কোন পর্যায়ে রয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের বিনয়রামের বিশ্বাসের সাথে তুমি কী একমত? পাঠের আলোকে যুক্তি উপস্থাপন করো। ৪

৩. পদ্মাবতী সনাতন ধর্মচর্চার এমন পর্যায়ে এসে পৌঁছেছে যেখানে ভক্তিবাদ দেখা যায়। আবার একাধিক দেব-দেবীর উপাসনাও দেখা যায়। শুধু তাই নয় দেব-দেবীর উপাসনা নিয়ে ভক্তদের মাঝে প্রতিদ্বন্দ্বিতাও দেখা যায়। অন্যদিকে, প্রসেন সনাতন ধর্ম সংস্কারের আন্দোলনে সামিল হয়েছে। তার কথা হলো যুক্তিহীন বিচারে ধর্মের পরাজয় ঘটে। তাই সে বিভিন্ন মহাপুরুষের আদর্শ অনুসরণ করে। সর্বশেষ চরিত্র গঠন ও সমাজ থেকে অস্পৃশ্যতা দূর করার কাজও জোরদার করেছে।

ক. রামকৃষ্ণ মঠ কত সালে প্রতিষ্ঠিত হয়েছে? ১

খ. সনাতনধর্ম কীভাবে হিন্দুধর্ম নাম লাভ করেছে? ২

গ. উদ্দীপকে পদ্মাবতীর আচরণে সনাতন ধর্মের কোন দিকটি প্রকাশ পেয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রসেনের আচরণে যে দিকটি প্রতিফলিত হয়েছে তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. নিচের ছকটি দেখ ও প্রশ্নগুলোর উত্তর দাও।

ছক-১

মেড়াপোড়া ⇒ আবীর কুঙ্কুম ⇒ রাধা-কৃষ্ণ

ছক-২

জামাইষষ্ঠী ⇒ রাখীবন্ধন ⇒ বর্ষবরণ

ক. সংক্রান্তি কাকে বলে? ১

খ. অজ্ঞানতার মোহান্ধকার দূর হয় যে ধর্মাচারের মাধ্যমে তা বর্ণনা করো। ২

গ. ছক-১ এ কোন অনুষ্ঠানের নির্দেশ করা হয়েছে? ৩

ঘ. ছক-২ এ যা নির্দেশ করা হয়েছে তার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. আজ সোমার বিয়ে। সকল আয়োজন শেষ হয়েছে। কিছু শাস্ত্রীয় আচার, কিছু স্ত্রী আচার পালন করা হয়েছে। তবে বিয়ের আসরের উপহার সামগ্রী দেখে সোমার বাবার সাথে বরপক্ষের লোকজনের সাথে বাক-বিতণ্ডা হয়। এক পর্যায়ে পুলিশের সহায়তায় ঘটনার মীমাংসা হয়। অপরদিকে, অনিকের স্ত্রী তন্বী একটি ফুটফুটে পুত্র সন্তান প্রসব করেছে। বাড়িতে খুশির বন্যা বয়ে যাচ্ছে। তবে তন্বী তার সন্তানকে সবাইকে স্পর্শ করতে দিতে চায় না।

ক. সংস্কার কাকে বলে? ১

খ. সন্তানের প্রথম অন্নভোজনের অনুষ্ঠানের বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের সোমার বিয়ের অনুষ্ঠানে যা নিয়ে বাক-বিতণ্ডা হয় তা পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে তন্বীর সন্তানকে স্পর্শ করতে না দেওয়ার কারণ পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. নিচের ছবি দুটো দেখো ও প্রশ্নগুলোর উত্তর দাও :



ছবি-১



ছবি-২

ক. শারদীয় দুর্গা উৎসবে কোন পূজা অত্যন্ত গুরুত্বপূর্ণ পূজা? ১

খ. কীভাবে কালী দেবীর উৎপত্তি হয়েছিল? ২

গ. ছবি-১ এ কোন দিকটি প্রকাশ করা হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. ছবি-২ এ যে দেবতার নির্দেশ করা হয়েছে তার পূজার প্রভাব বিশ্লেষণ করো। ৪

৭. গত কয়েকদিন যাবৎ সুধীর শরীরের নানান সমস্যায় ভুগছে। যেমন– হজমে সমস্যা, অজীর্ণ, অম্বল, আমাশয় ইত্যাদি। এছাড়াও রয়েছে পায়ের পেশীর ব্যথা, ডায়বেটিস ইত্যাদি। এসব থেকে মুক্তি পাওয়ার জন্য সে এখন একটি বিশেষ আসন অনুশীলন করে। অন্যদিকে, অখিলেশ প্রতিদিন সকালে একটি বিশেষ অবস্থার অনুশীলন করে যার ফলে তার দেহের ভঙ্গী একটি কৃষি উপকরণের মতো দেখায়। যা দিয়ে কৃষকেরা জমি চাষ করে।

ক. ধ্যান শব্দের অর্থ কী? ১

খ. ধ্যানের ভিত্তি কী? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের সুধীর সমস্যা থেকে মুক্তি পাওয়ার জন্য কোন আসন অনুশীলন করে? উক্ত আসনের অনুশীলন পদ্ধতি বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের অখিলেশের অনুশীলনকৃত আসনের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৮. স্বপন অত্যন্ত সহজ-সরল মানুষ। সে মনে করে অন্যের ক্ষতি করা কিংবা অপরের অমঙ্গল কামনা করা গর্হিত কাজ। এজন্য সে ধর্মের একটি লক্ষণ অনুসরণ করে চলে। অন্যদিকে, খোকন বেদ পরবর্তী অবস্থায় রচিত একখানা গ্রন্থ পাঠপূর্বক আত্মজ্ঞান লাভে প্রয়াশী হয়েছে। খোকনের এই পঠিত গ্রন্থখানা রহস্যাবৃত বিদ্যার শাস্ত্র নামেও পরিচিত।

ক. ধর্মের বিশেষ লক্ষণ কয়টি? ১

খ. দস্যু রত্নাকর কীভাবে ঋষিতে পরিণত হন? ২

গ. উদ্দীপকের স্বপনের আচরণের কোনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের খোকনের পঠিত গ্রন্থ সম্পর্কে একটি বিশ্লেষণধর্মী মতামত দাও। ৪

৯. সৌবির রাজ্যের রাজপুত্র সঞ্জয়া যুদ্ধে পরাজিত হয়ে মন খারাপ করে দুর্গের এককোণে বসে আছে। রানি বিদুলা পুত্রের এরকম নিষ্ক্রিয়তা কোনোভাবেই মেনে নিতে পারেন না। তাই, সঞ্জয়কে ভর্ৎসনা করেন এবং হৃত রাজ্য পুনরুদ্ধার করতে বলেন। মায়ের কথামতো, সঞ্জয় যুদ্ধে অবতীর্ণ হয় এবং নিজ রাজ্যের সার্বভৌমত্ব রক্ষা করে। অপরদিকে, সুভাস সাধু কখনো সত্য থেকে দূরে সরে যান না। তিনি দান ও দয়া নামক দুটো গুণের চর্চা করেন।

ক. ধর্মপথ কাকে বলে? ১

খ. রন্তিবর্মা কীভাবে মানবতা দেখিয়েছিল? ২

গ. উদ্দীপকের সঞ্জয়ের আচরণ কী পাঠ্যাংশের তরণীসেনের আচরণের বিপরীত? যুক্তি দাও। ৩

ঘ. উদ্দীপকের সুভাস সাধুর আচরণে যে দিকটি লক্ষ্যণীয় তা পাঠ্যাংশের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. নিচের টেবিলটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| টেবিল-১ | টেবিল-২ |
|---|---|
| বৃন্দাবন ও শ্রীকৃষ্ণ | নবদ্বীপের শান্তিপুর |
| প্রেমভক্তিধর্ম ও গৌর-নিতাই | পৈতা ত্যাগ ও ব্রাহ্মধর্ম গ্রহণ |
| এদের জ্ঞান দাও, ক্ষমা করো | নামগান ও হরিসংকীর্তন |
| সকলকে কৃষ্ণভক্তরূপে ভালোবেসেছেন | অন্তরে হিংসা থাকলে ঈশ্বরের লীলা দর্শন হয় না |

ক. সুশ্রুত সংহিতা কত ভাগে বিভক্ত? ১

খ. বালক শঙ্করের কথা শুনে রাজা বিস্মিত হন কেন? ২

গ. উপরের টেবিল-১ এ কোন মহামানবের কথার নির্দেশ রয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উপরের টেবিল-২ এর শেষ কথাটি কোন মহামানবের? উক্ত কথাটি পাঠ্যাংশের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. উদ্দীপক-১ : সুলেখা রাজ পরিবারের পুত্রবধূ। কোনো কিছুর অভাব নেই। কিন্তু সম্পদের প্রতি কোনো লোভ নেই। তার একমাত্র লক্ষ্য শ্রীকৃষ্ণের সান্নিধ্য লাভ করা। সারাদিন ভজন, পূজন ও কীর্তন নিয়ে ব্যস্ত থাকার কারণে সমালোচনার সম্মুখীন হতে হয়।

উদ্দীপক-২ :



ক. চরক মানব দেহে কতটি অস্থির কথা বলেছেন? ১

খ. গদাধর কীভাবে বিভিন্ন শাস্ত্রে পারদর্শী হয়ে ওঠেন? ২

গ. উদ্দীপক-১ এ সুলেখার আচরণে যার নির্দেশ করা হয়েছে তার জীবনী কোন গুণটির দ্বারা তুমি প্রভাবিত হতে পারো? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপক-২ এর ছবির মহামানবই ভারত সংস্কারের পুরোধা ব্যক্তিত্ব— মতামত দাও। ৪

মডেল টেস্ট- ০৪

# শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ২ |

সময় : ৩০ মিনিট

(বহুনির্বাচনি অভিক্ষা অংশ)

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ওঁ এর পূর্ণরূপ কী?**
K ও-উ-ম L অ-উ-ম
M অ-ও-ম N ও-ঔ-ম

**২. "আত্মা জন্মহীন, মৃত্যুহীন শাশ্বত, পুরাতন হলেও চির নতুন"—কে বলেছেন?**
K শ্রী বিজয় কৃষ্ণ L শ্রী রাম কৃষ্ণ
M শ্রী চৈতন্যদেব N শ্রীকৃষ্ণ

**৩. অতিথি সেবাকে কী বলা হয়?**
K নৃযজ্ঞ L দৈবযজ্ঞ M নৃতত্ত্বযজ্ঞ N পিতৃযজ্ঞ

**৪. মনকে শুদ্ধ ও শান্ত করার জন্য যোগ দর্শনে কত প্রকার সাধন প্রক্রিয়ার কথা বলা হয়েছে?**
K ৫ প্রকার L ৬ প্রকার M ৮ প্রকার N ১০ প্রকার

**৫. বৈদিক যুগে ঋষিগণ ছিলেন—**
i. সুখবাদী ii. জীবনবাদী
iii. যুক্তিবাদী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii M ii ও iii N i ও iii

**৬. 'অযাচক আশ্রম'— কে প্রতিষ্ঠা করেন?**
K শ্রী চৈতন্য মহাপ্রভু L শ্রী অনুকূলচন্দ্র ঠাকুর
M শ্রী রামকৃষ্ণ পরমহংস N স্বামী স্বরূপানন্দ পরমহংস

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
দশম শ্রেণির ছাত্রী পৃথা চৈত্রসংক্রান্তি পালন করার জন্য মামা বাড়ি যান। সেখানে নীল পূজা করা হয় এবং সেখানকার সবাই চৈত্রসংক্রান্তিতে স্নান, দান, ব্রত, উপবাসের মাধ্যমে উৎসবের আনন্দ উপভোগ করে পৃথা। এই উৎসব পৃথার কাছে খুবই স্মরণীয় হয়ে থাকে।

**৭. পৃথা মামাবাড়ি কোন উৎসবে অংশগ্রহণ করে?**
K নবান্ন L চৈত্রসংক্রান্তি
M বর্ষবরণ N গৃহপ্রবেশ

**৮. সামাজিক ও পারিবারিক জীবনে উক্ত অনুষ্ঠানটি পৃথার জীবনে এক মঙ্গলজনক উৎসব। কারণ অনুষ্ঠানটি—**
i. মাঙ্গলিক আচার
ii. কল্যাণকর
iii. ধর্মীয় ও নৈতিক শিক্ষা সম্পর্কিত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৯. আদিনাথ মন্দির কোথায় অবস্থিত?**
K মহেশখালীতে L চট্টগ্রামে M নারায়ণগঞ্জে N সীতাকুন্ডে

**১০. মহাভারতের দুষ্মান্ত ও শকুন্তলার বিয়ে কোন বিবাহের উদাহরণ?**
K ব্রাহ্ম L দৈব M গান্ধর্ব N প্রাজাপত্য

**১১. 'মনুসংহিতা' কী?**
K উপাখ্যান L স্মৃতিশাস্ত্র M কাব্যগ্রন্থ N নাট্যশাস্ত্র

**১২. শ্রদ্ধা শব্দের সাথে কোন প্রত্যয় যুক্ত হয়ে শ্রাদ্ধ শব্দটি গঠিত হয়েছে?**
K অন্ L অণ্ M ইন N আন্

**১৩. লৌকিক দেবতারা হলেন—**
i. ব্রহ্মা, বিষ্ণু, শিব ii. মনসা, শীতলা, দক্ষিণ রায়
iii. অগ্নি, ইন্দ্র, মিত্র
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**১৪. দেবী দুর্গার বাম চোখ কী নির্দেশ করে?**
K চন্দ্র L জ্ঞান M অগ্নি N সূর্য

**১৫. কোন পুরাণ কার্তিককে নিয়ে রচনা করা হয়েছে?**
K বিষ্ণু পুরাণ L পদ্ম পুরাণ M শিব পুরাণ N স্কন্দ পুরাণ

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
নবমী দশম শ্রেণির শিক্ষার্থী। সে সহজ-সরল ও সদালাপী। সে কখনো কাউকে কটুকথা বলে না এবং অন্যের ক্ষতির চিন্তা করে না। এমনকি বিড়াল এসে টেবিলে রাখা তার গ্লাসের দুধটুকু পান করতে থাকলে সে রাগ করে না। বরং আদর করে বিড়ালটিকে বাকি দুধটুকু পান করায়।

**১৬. নবমীর চারিত্রিক বৈশিষ্ট্য যমের কোনটি লক্ষণীয়?**
K অস্তের L ব্রহ্মচর্য M অহিংসা N অপরিগ্রহ

**১৭. যমের উক্ত গুণটির গুরুত্ব অপরিসীম। কারণ এর দ্বারা—**
i. আত্মোন্নয়ন ঘটে ii. সমাজের শান্তি বজায় থাকে
iii. বিশ্বের প্রতিটি বস্তুর প্রতি ভালোবাসা জাগ্রত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**১৮. কোন আসন অনুশীলনে শরীরের ভারসাম্য রক্ষার ক্ষমতা বাড়ে?**
K বৃক্ষাসন L শবাসন M হলাসন N সুখাসন

**১৯. জ্ঞানকাড ও কর্মকাড কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?**
K উপনিষদের L রামায়ণের M বেদের N পুরাণের

**২০. শ্বেতকেতু কত বছর গুরুগৃহে কাটান?**
K দশ L বারো M তেরো N চৌদ্দ

**২১. কুরুক্ষেত্র যুদ্ধের ফলাফল হলো—**
i. ধর্মের জয় হয়েছে ii. সত্য প্রতিষ্ঠিত হয়েছে
iii. পান্ডবরা পরাজিত হয়েছে আর জয় হয়েছে কুরু বংশের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. বিভীষণের পুত্রের নাম কী ছিল?**
K লক্ষ্মণসেন L মেঘনাথ M তরুণীসেন N বালি

**২৩. হরিচরণ বন্দ্যোপাধ্যায় প্রণামকে কয়টি ভাগে বিভক্ত করেন?**
K ২টি L ৪টি M ৬টি N ৮টি

**২৪. 'নমস্কারের মাহাত্ম্য' নিচের কোন গ্রন্থে বর্ণিত আছে?**
K নৃসিংহ পুরাণে L মনসা পুরাণে
M কালিকা পুরাণে N বিষ্ণু পুরাণে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সুকান্ত ছিল ভীষণ হরিভক্ত। কিন্তু তার বাবা ছিলেন ঘোর বিরোধী। তাই সুকান্তকে মেরে ফেলার চেস্টা করেন।

**২৫. সুকান্তের চরিত্রে তোমার পাঠ্যপুস্তকের কোন চরিত্রটি ফুটে উঠেছে?**
K দৈতরাজ L শ্রীহরি M হিরণ্যকশিপু N প্রহ্লাদ

**২৬. উক্ত চরিত্রটির মাধ্যমে জীবনে —**
i. ঈশ্বর সম্পর্কে বিশ্বাস প্রতিষ্ঠিত হবে
ii. সবাই ধর্ম পথে চলবে iii. ধর্ম ধার্মিককে রক্ষা করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. চরক মানব দেহে দাঁতসহ কতটি অস্থির কথা বলেছেন?**
K ১৬০টি L ২৬০টি M ৩৬০টি N ৪৬০টি

**২৮. শ্রীরামকৃষ্ণ কত সালে জন্মগ্রহণ করেন?**
K ১৮৩৬ খ্রিষ্টাব্দ ১৭ ফেব্রুয়ারি L ১৮৪৬ খ্রিষ্টাব্দ ২৭ ফেব্রুয়ারি
M ১৯৩৬ খ্রিষ্টাব্দ ২৫ মার্চ N ১৯৮৬ খ্রিষ্টাব্দ ১৫ আগস্ট

**২৯. আমেরিকান সংবাদপত্রসমূহে কাকে 'সাইক্লোনিক হিন্দু' নামে অভিহিত করা হয়?**
K শ্রী বিজয়কৃষ্ণকে L শ্রী রামকৃষ্ণকে
M স্বামী বিবেকানন্দকে N শ্রীমাকে

**৩০. প্রভু নিত্যানন্দের পিতার নাম কী?**
K শিব গুরু L হাড়াই পন্ডিত M রত্ন সিংহ N রাণা সংগ্রাম

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** **বিষয় কোড :** ১ ১ ২

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. মহান একজন যাকে কোনো নামে চিহ্নিত করা যায় না। তিনি বাঁচা-মরার মাধ্যমে পৃথিবীর ভারসাম্য রক্ষার কাজ নির্দিষ্ট নিয়মে পরিচালনা করেন। অন্যদিকে কনক বাবু গ্রামের দরিদ্র মানুষের চিকিৎসার জন্য ক্লিনিক স্থাপন করে ডাক্তারের ব্যবস্থা করেন। ডাক্তারের ফিসের টাকা নিজ পকেট থেকে দেন। গ্রামের সকল মানুষ তাকে ভালোবাসে।

ক. আত্মা কাকে বলে? ১

খ. ঈশ্বররূপে বিভিন্ন দেবদেবীর পূজা করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মহান একজনের কার্যকলাপে সৃষ্টির মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠায় স্রস্টার যে রূপের পরিচয় পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. কনক বাবুর কর্মকাণ্ডের মাধ্যমে কী ঈশ্বর প্রাপ্তি সম্ভব? সপক্ষে মতামত দাও। ৪

২. মিতালিদের গ্রামের অধিকাংশ বাড়িতে জ্বর এবং ফোস্কা পড়া রোগ দেখা দিয়েছে। এ রোগ থেকে মুক্তির জন্য গ্রামবাসী গুরুদেবের পরামর্শে তিতা পাতা বহনকারী বিশেষ এক দেবীর পূজা করে রোগমুক্তি লাভ করে। অপরদিকে লিপিকার দীর্ঘদিন বিবাহ হয়েছে। প্রায় এক যুগ পেরিয়ে গেছে। তার কোনো সন্তান হয়নি। তাই সে মনের কষ্টে দিন কাটাতে থাকে। হঠাৎ এক সাধু বাবার পরামর্শে বিশেষ এক দেবতার পূজা করে সন্তান লাভ করে সুখী হয়।

ক. লৌকিক দেবতা কাকে বলে? ১

খ. দেবী দুর্গাকে মহিষমর্দিনী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মিতালীর গ্রামবাসীরা যে দেবীর পূজা করে রোগমুক্তি লাভ করে, সে দেবীর পরিচয় পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. সন্তান লাভের জন্য লিপিকা যে দেবতার পূজা করে, উক্ত দেবতার পূজার গুরুত্ব ও প্রভাব বিশ্লেষণ করো। ৪

৩.



১ নং চিত্র



২ নং চিত্র

ক. কুম্ভক কাকে বলে? ১

খ. 'প্রত্যাহার' বলতে কী বোঝায়? ২

গ. ১নং চিত্রের আসনটির অনুশীলন পদ্ধতি পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. ২নং চিত্রের আসনটি অনুশীলনের মাধ্যমে ব্যক্তিজীবনে যে ধরনের প্রভাব পড়ে তা বিশ্লেষণ করো। ৪

৪. শিশির পিতার অনুগত সন্তান পিতার সকল আদেশ অক্ষরে অক্ষরে পালন করে। সে গ্রামবাসীদের ভালোবাসে অন্যের সুখের জন্য নিজের প্রিয় কোনো কিছু ত্যাগ করতে দ্বিধাবোধ করে না। সকলে তাকে ভালোবাসে। অপরদিকে রবীন বাবু বিশেষ একটি গ্রন্থ পাঠ করেন। যে গ্রন্থে রাজ্য নিয়ে ভাগাভাগি, অন্যায় যুদ্ধের কথা ও ভাইয়ে ভাইয়ে মারামারির কথা লেখা আছে। মহামতি ব্যাসদেব, 'মহারাজ পরীক্ষিতের পুত্র জনমেজয়কে তাঁর পূর্বপুরুষদের জীবনবৃত্তান্ত সম্পর্কে বর্ণনা করেছেন সে কথা লেখা আছে এ গ্রন্থে। হিংসার বিষময় ফল এবং অহিংসার শুভফল প্রাপ্তির কথাও লেখা আছে এখানে।

ক. ঋষি আরুণির পুত্রের নাম কী? ১

খ. আমাদের একে অপরকে হিংসা না করে সহযোগিতা করা উচিত কেন? ব্যাখ্যা করো। ২

গ. শিশিরের কার্যকলাপের সাথে পাঠ্যপুস্তকের যে চরিত্রের মিল পাওয়া যায় তা বর্ণনা করো। ৩

ঘ. ধর্মাচার, মূল্যবোধ ও নৈতিকতা গঠনে রবীন বাবুর পঠিত গ্রন্থের শিক্ষার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫. দৃশ্যকল্প-১ : রতনের বাবা মারা গেছে। সে বাবার মৃত্যুতে নিরামিষ ও ফলমূল খেয়ে নিয়মনীতি মেনে নির্দিষ্ট দিন পর্যন্ত অতিবাহিত করেছে। অনেকেই কাজটি বর্ণভেদে ভিন্ন ভিন্ন দিন পর্যন্ত পালন করে পরবর্তী কাজের যোগ্যতা অর্জন করে।

দৃশ্যকল্প-২ : রবেনের মা মারা গেছে। সে তার মায়ের আত্মার শান্তি কামনায় এক অনুষ্ঠানের আয়োজন করে। সেখানে কাপড়, ছাতা ও পাদুকাসহ বিভিন্ন সামগ্রী উৎসর্গ করে অনুষ্ঠান সম্পন্ন করে।

ক. অন্ত্যেষ্টি শব্দের অর্থ কী? ১

খ. সাত পুরুষ পর্যন্ত জননাশৌচ ও মরণাশৌচ পালন করা হয় কেন? ব্যাখ্যা দাও। ২

গ. দৃশ্যকল্প-১ এ রতনের কাজটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২-এ রবেন যে অনুষ্ঠান সম্পন্ন করেছে উক্ত অনুষ্ঠানের সামাজিক ও পারিবারিক গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬. সুবাস বাবু কর্মের মধ্যে ডুবে থাকেন। তিনি ঈশ্বরের নিয়োগকৃত প্রতিনিধি হিসেবে কাজ করেন। তাঁর কর্মের প্রতি ঝোঁক থাকলেও কর্মফলের প্রতি তার কোনো চাওয়া-পাওয়া নেই। কর্মের ফল ঈশ্বরের পায়ে সপে দিয়ে নিজে শান্তিতে থাকেন। অপরদিকে কমল বাবু প্রতিমার সামনে বসে পূজা করেন। তিনি বলেন, ভগবানকে মন-প্রাণ দিয়ে ডাকলে তাঁর দেখা পাওয়া যায়। গভীর বিশ্বাসের সাথে ভগবানের পায়ে নিজেকে সপে দিয়ে ধন্য মনে করেন।

ক. জ্ঞানযোগ কাকে বলে? ১

খ. ভগবান জীবমূর্তি ধারণ করে পৃথিবীতে নেমে আসার কারণ ব্যাখ্যা করো। ২

গ. সুবাস বাবুর কাজের মধ্যে কোন যুগের প্রতিফলন ঘটেছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কমল বাবুর কর্মকাণ্ডে যে যোগের ইঙ্গিত পাওয়া যায়, উক্ত যোগের সারকথা মূল্যায়ন করো। ৪

৭. সমীর বাবু সৎ ন্যায়পরায়ণ ব্যক্তি। তিনি অন্যের দুঃখ-কষ্ট লাঘবের জন্য নিজেকে বিলিয়ে দেন। নিজে না খেয়ে অন্যের মুখে খাবার তুলে দেন। পৃথিবীর কোনো কিছুর উপর তাঁর লোভ নেই। নিজের সমস্ত সম্পদ শ্রীকৃষ্ণের পায়ে সঁপে দিয়ে নিজে 'অযাচক বৃত্তি' গ্রহণ করেন। অপরদিকে রিপন রাতে ঘুমাচ্ছিল। হঠাৎ চিৎকার শুনতে পায়। ঘর থেকে বেরিয়ে দেখে পাশের বাড়িতে আগুন লেগেছে। একটি শিশু ঘরের মধ্যে আটকা পড়েছে। তার মা শিশুটিকে উদ্ধারের জন্য অনেককে বলেছে কিন্তু কেউ শিশুটিকে উদ্ধার করতে আসেনি। রিপন জীবনের ঝুঁকি নিয়ে শিশুটিকে আগুন থেকে উদ্ধার করে মায়ের কোলে ফিরিয়ে দেয়। ছেলেটির মা রিপনকে প্রাণভরে আশীর্বাদ করে।

ক. বীরের ধর্ম কী? ১

খ. মানুষ অন্য জীব থেকে ভিন্ন কেন? ব্যাখ্যা করো। ২

গ. সমীরের মধ্যে কোন ব্যক্তির চারিত্রিক গুণাবলি ফুটে উঠেছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রিপনের কর্মকাণ্ডের শিক্ষা, সমাজ ও পারিবারিক জীবনে কতটুকু তাৎপর্যপূর্ণ তা বিশ্লেষণ করো। ৪

৮. কপিলা নামে অত্যাচারী একজন লোক ছিলেন। তিনি এমন অত্যাচারী ছিলেন যে, স্বার্থের জন্য নিজের সন্তানকে হত্যা করতে দ্বিধাবোধ করেন না। সন্তান হরিভক্ত হওয়ায় তাকে হত্যার সকল চেষ্টা ব্যর্থ হয়। শেষ পর্যন্ত লোকটির পরাজয় হয়। অপরদিকে মানিক দশম শ্রেণির ছাত্র। লেখাপড়ায় সে খুব ভালো। কিন্তু হঠাৎ করে খারাপ বন্ধুদের সাথে মিলে নেশার জগতে প্রবেশ করে। নেশার দ্রব্য ক্রয়ের অর্থের জন্য অনৈতিক কাজে লিপ্ত হয়। সে রাত করে বাড়ি আসে। পরিবারের সকলের সাথে অস্বাভাবিক আচরণ করে। সবসময় তার মেজাজ খিটখিটে থাকে।

ক. অভিবাদ কাকে বলে? ১

খ. কাঠুরিয়ার দরিদ্রতা থেকে মুক্তির কারণ ব্যাখ্যা করো। ২

গ. কপিলার কর্মকাণ্ডের সাথে পাঠ্যপুস্তকের কোন চরিত্রের মিল পাওয়া যায় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মানিককে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে পরিবার ও ধর্মীয় সংস্কৃতি কী ধরনের পদক্ষেপ নিতে পারে বলে মনে কর? পক্ষে যুক্তি দাও। ৪

৯. কবিতা নামে এক মহীয়সী নারী, বিদেশিনী হয়েও ভারতকে ভালোবেসে এখানে থেকে যান। তিনি লেখাপড়ার চেয়ে ঈশ্বরচিন্তা করতেন বেশি। অনেক গুণিজনের সাথে তার পরিচয় হয়। কর্মফলের আশা ত্যাগ করে অন্যের কল্যাণে কাজ করেন। তিনি একটি আশ্রম প্রতিষ্ঠা করে খাদ্য, কৃষি, শিল্প, গো-পালন প্রভৃতি বিভাগ খুলে আশ্রমটিকে স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠানে পরিণত করেন। অপরদিকে রমেন ছিলেন একজন মহান ব্যক্তি। তিনি মানবদেহের কাটাছেঁড়া বিদ্যায় পারদর্শী ছিলেন। ঔষধি গাছগাছড়ার মাধ্যমে মানুষের চিকিৎসা দিতেন। তিনি ভেষজ বিদ্যার উপর চিকিৎসাসংক্রান্ত একখানা গ্রন্থ রচনা করে মানবজাতির বিশেষ মঙ্গল সাধন করেন।

ক. পূর্ণাবতার কাকে বলে? ১

খ. গৌরাঙ্গ মহাপ্রভু মাধাইকে ক্ষমা করলেন না কেন? ২

গ. কবিতার মধ্যে যে মহীয়সী নারীর আদর্শ লুকায়িত আছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রমেনের সাথে যে মহান চিকিৎসকের মিল আছে চিকিৎসা ক্ষেত্রে তার অবদান বিশ্লেষণ করো। ৪

১০. বিমল বাবু একজন ব্রহ্মচারী। লোকশিক্ষার জন্য তিনি নিজেই সাধারণ মানুষের মাঝে আসেন। তাঁর আদর্শের বীজমন্ত্র ছিল সততা, নিষ্ঠা, সংযত, সাম্য ও সেবা করা। তিনি মানুষের কল্যাণে ভারত, বাংলাদেশসহ বিভিন্ন স্থানে সেবামূলক অনেক প্রতিষ্ঠান গড়ে তোলেন। অপরদিকে অমল বাবু একটি আশ্রম প্রতিষ্ঠা করেন। আশ্রমের মধ্যে বিশেষ বৈশিষ্ট্য লক্ষ করা যায়। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে কোনো অর্থ চাওয়া যাবে না। নিজে প্রতিষ্ঠিত হয়ে সমাজের কল্যাণে কাজ করা এ সংগঠনের প্রধান উদ্দেশ্য।

ক. ঋষিযজ্ঞ কাকে বলে? ১

খ. যোগসাধনার সর্বোচ্চ স্তরের ব্যাখ্যা দাও। ২

গ. বিমল বাবুর মধ্যে যে সিদ্ধপুরুষের আদর্শ ফুটে উঠেছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের অমল বাবুর মধ্যে যে মহাপুরুষের মতাদর্শ পরিলক্ষিত, পারিবারিক ও সামাজিক জীবনে উক্ত মহাপুরুষের মতাদর্শের শিক্ষা মূল্যায়ন করো। ৪

১১.



১নং চিত্র (ধর্মাচার)



২নং চিত্র (ধর্মানুষ্ঠান)

ক. মকর সংক্রান্তি কাকে বলে? ১

খ. কোন ধর্মাচারের মাধ্যমে ভাই বোনের মধুর সম্পর্ক গড়ে উঠে? ব্যাখ্যা করো। ২

গ. ১নং চিত্রের ধর্মাচারটি পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. ২নং চিত্রের ধর্মানুষ্ঠানটির পারিবারিক ও সামাজিক প্রভাব বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | L | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | L | ১১ | N | ১২ | L | ১৩ | M | ১৪ | K | ১৫ | K |
| | ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | N | ২৪ | K | ২৫ | M | ২৬ | M | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | L |

## ■ মডেল টেস্ট-০২ : গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, রাজশাহী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | L | ২ | M | ৩ | L | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | M |
| | ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | N | ২১ | M | ২২ | L | ২৩ | M | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ■ মডেল টেস্ট-০৩ : বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | K | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | M | ৬ | K | ৭ | N | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | M | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | N |
| | ১৬ | N | ১৭ | N | ১৮ | L | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | L | ২৩ | L | ২৪ | M | ২৫ | L | ২৬ | L | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | N |

## ■ মডেল টেস্ট-০৪ : শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | L | ২ | N | ৩ | K | ৪ | M | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | M | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | K | ১৫ | N |
| | ১৬ | M | ১৭ | N | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | L | ২৪ | K | ২৫ | N | ২৬ | L | ২৭ | M | ২৮ | K | ২৯ | M | ৩০ | L |